FEB. 1 4 20[illegible]

দৈনিক ইত্তেফাক

তারিখ ...
পৃষ্ঠা ১৬ কলাম ৩

## চাকুরী ও উচ্চ শিক্ষা ॥ পার্বত্য চট্টগ্রামের উপজাতীয়দের জন্য কোটা সংরক্ষণ

বাসস ॥ পার্বত্য শান্তি চুক্তির ধারা বাস্তবায়নের অংশ হিসাবে বিভিন্ন সংস্থা ও দপ্তরে চাকুরী এবং উচ্চতর শিক্ষার জন্য দেশে-বিদেশে পার্বত্য চট্টগ্রামের ৩টি জেলার উপজাতীয় জনগোষ্ঠীর জন্য বিশেষ কোটা সংরক্ষণ করা হইয়াছে। পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় সূত্রে মঙ্গলবার এ তথ্য জানানো হইয়াছে।

সরকারী সূত্র জানায়, পার্বত্য শান্তি চুক্তি অনুযায়ী বান্দরবান, রাঙ্গামাটি এবং

(১৫শ পৃষ্ঠায় ৭-এর কঃ দ্রঃ)

## চাকরি ও উচ্চ

(শেষ পৃষ্ঠার পর)

খগড়াছড়ি জেলার উপজাতীয়রা চাকুরী ও উচ্চ শিক্ষার ক্ষেত্রে সংরক্ষিত কোটার ভিত্তিতে দেশে-বিদেশে যাওয়া-আসার সুবিধা পাইবেন। দেশের সমতল এলাকার সমপর্যায় পর্যন্ত প্রতিষ্ঠিত না হওয়া পর্যন্ত এ পদ্ধতি চালু থাকিবে। সূত্র জানায়, উপজাতীয় জনগোষ্ঠীর ছাত্র-ছাত্রীদের বৃত্তির পরিমাণ বাড়ানো এবং তাহাদের বিদেশে শিক্ষা গবেষণার কাজেও প্রয়োজনীয় সরকারী সহায়তা প্রদান করা হইবে। পার্বত্য শান্তি চুক্তির বাস্তবায়ন পর্যায়ে এ ব্যবস্থা প্রবর্তন করা হইয়াছে এবং চলতি শিক্ষাবর্ষ এ বছর হইতেই ইহা কার্যকর হইবে।